

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০২১.২০১৬-

তারিখঃ-----খ্রিঃ

আদেশ

যেহেতু, জনাব মোঃ রেজাউল হক, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, শার্শা, যশোর কর্তৃক একই জেলাধীন ঝিকরগাছা, উপজেলায় কর্মকালীন ক্ষুদ্রঋণ কার্য-নির্দেশিকা অনুযায়ী একজন প্রশিক্ষিত যুবকে সর্বোচ্চ ৩ দফা পর্যন্ত ঋণ দেয়ার বিধান থাকলেও তা প্রতিপালন না করে উক্ত কার্যালয় হতে ২ জন ঋণীকে ৫-৬ দফা পর্যন্ত ঋণ প্রদান করার অভিযোগে অধিদপ্তরের ৬-৪-২০১৭ খ্রিঃ তারিখের ৬৭ সংখ্যক স্মারকে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ১৯৮৫-এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা চালু করা হয়;

যেহেতু, তিনি বিভাগীয় মামলায় লিখিতভাবে জবাব দাখিল করেন। তার আবেদনের প্রেক্ষিতে গত ১১-৫-২০১৭ খ্রিঃ তারিখে নিম্ন স্বাক্ষরকারী কর্তৃক অভিযুক্তের ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানীকালে তিনি জানান যে, দফা অতিক্রম করে প্রদত্ত ঋণ ইতোমধ্যে ঋণীগণ কর্তৃক পরিশোধিত হয়েছে। তার বক্তব্যের সমর্থনে তিনি উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ঝিকরগাছার একটি প্রত্যয়নপত্রও দেখান, শুনানীকালে তিনি দফা অতিক্রম করে ঋণ দেয়ায় ভুল স্বীকার করে নিঃশর্তভাবে ক্ষমা চান এবং ভবিষ্যতে এ ধরণের কাজ আর করবেন না মর্মে অঙ্গীকার করেন;

যেহেতু, অভিযুক্তের প্রদত্ত বক্তব্য, নথিপত্র পর্যালোচনায় দেখা যায় এটি তার প্রথম অপরাধ। তার বিরুদ্ধে আর কোন বিভাগীয় মামলা ছিল না/নেই। দফা অতিক্রম করে দেয়া ঋণের টাকাও ইতোমধ্যে পরিশোধিত হয়েছে। সার্বিক অবস্থা পর্যালোচনা করে অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ রেজাউল হক-কে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, এক্ষণে অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ রেজাউল হক, ক্রেডিট সুপারভাইজার-কে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো। তবে ভবিষ্যতে এ ধরণের কাজ আর যাতে তিনি না করেন সে জন্য তাকে সতর্ক করা হলো।


স্বাক্ষরিত/-

(আনোয়ারুল করিম)  
মহাপরিচালক  
ফোন-৯৫৫৯৩৮৯।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০২১.২০১৬- ১০৬

তারিখঃ ০৫-৬-২০১৭ খ্রিঃ।

- অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :
- ০১। পরিচালক (দাঃ বিঃ ও ঋণ) যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
  - ০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, যশোর।
  - ০৩। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে আদেশের কপিটি ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
  - ০৪। সহকারী পরিচালক (প্রশাসন) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে কপিটি সংরক্ষণে অনুরোধ করা হলো।
  - ০৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, শার্শা/ ঝিকরগাছা, যশোর।
  - ০৬। জনাব মোঃ রেজাউল হক, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, শার্শা, যশোর।
  - ০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
  - ০৮। অফিস কপি/ গার্ড ফাইল।



(মোঃ আতাউর রহমান)  
সহকারী পরিচালক(শৃংখলা)  
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।